


প্রেস বিজ্ঞপ্তি

৪৮৪ তম কমিশন সভা অদ্য ২৭/০৬/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. প্যারামাউন্ট টেক্সটাইল লিঃ এর ২৮ টাকা মূল্যমানের (প্রতি শেয়ার ১৮ টাকা প্রিমিয়ামসহ) ৩ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৮৪ কোটি টাকা পুঁজি উত্তোলন করে মেয়াদী ঋণ পরিশোধ খাতে ব্যয় করবে। প্যারামাউন্ট টেক্সটাইল লিঃ এর ৩০শে জুন ২০১২ সালের আর্থিক প্রতিবেদন অনুযায়ী শেয়ার প্রতি আয় ৩.৪৭ টাকা। উল্লেখ্য, আইডিএলসি ইনভেস্টমেন্ট লিমিটেড, প্যারামাউন্ট টেক্সটাইল লিঃ এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।
২. আজকের সভায় স্টক এক্সচেঞ্জের সদস্যদের তাঁদের পরিচালক নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য নমিনেশন দাখিলের পূর্বে কমিশনের ছাড়পত্র/অনাপত্তিপত্র গ্রহণ করার জন্য Letter of Intent (LOI) দাখিল করার বাধ্যবাধকতা সংক্রান্ত Directive No. SEC/CMRRCD/2009-193/21 dated 14.02.2010 বাতিল (repel) করা হয়েছে। এই বিষয়ে কমিশনের CMRRC বিভাগ শীঘ্রই নির্দেশনা জারী করবে।
৩. Raspit Data Management and Telecommunication Limited (Issuer) এর জুন ৩০, ২০১১ বৎসরের সমাপ্ত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা করে জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হয়। অনুরূপভাবে ডিসেম্বর ৩১, ২০১১ সময়ে সমাপ্ত অর্থ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য উক্ত কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্তও গ্রহণ করেছে।
৪. সভায়, Dhaka Fisheries Limited (Issuer) এর ডিসেম্বর ৩১, ২০১১ সমাপ্ত সময়ের অর্থ বার্ষিক আর্থিক প্রতিবেদন দাখিলে ব্যর্থতার জন্য উক্ত কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক এবং প্রত্যেক পরিচালককে ১ লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৫. এছাড়াও কমিশন, Salta Capital Limited কর্তৃক যথাক্রমে জুন ৩০, ২০১১ এবং জানুয়ারী ৩১, ২০১২, ফেব্রুয়ারী ২৯, ২০১২ তারিখে Consolidated Customer Account-এ পরিশোধযোগ্য ক্লায়েন্টদের পর্যাপ্ত তহবিল (available fund) প্রদানে ব্যর্থতার জন্য এবং স্টক এক্সচেঞ্জে দাখিলকৃত বর্ণিত সময়ের Net Capital Balance -এ অসামঞ্জস্যতা পরিলক্ষিত হওয়ায় Salta Capital Limited -কে ৫ লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


২৭/০৬/২০১৩
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র